কবিতা/গল্প



লেখা পাঠানোর ঠিকানা-
eiyugkagojernouka@gmail.com

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

এই যুগ

EI YUG

ডাউনলোড "এই যুগ অ্যাপ"

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 15 NOVEMBER 2026,SUNDAY | ১৫ নভেম্বর ২০২৬,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-335

মহানন্দা নদীর ছট ঘাট পরিদর্শন করলেন রাজ্যের পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি, ১৪ নভেম্বর : আসন্ন পবিত্র ছট পুজো উপলক্ষ্যে শনিবার শিলিগুড়ির মহানন্দা নদীর ছট ঘাট পরিদর্শন করলেন শিলিগুড়ির বিধায়ক তথা রাজ্যের পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ । তিনি জানান পবিত্র ছট পুজোকে কেন্দ্র করে ঘাটের পরিষ্কার পরিচ্ছন্নতা, নিরাপত্তা ব্যবস্থা এবং পূণ্যার্থীদের সুবিধার্থে প্রয়োজনীয় পরিকাঠামোগত প্রস্তুতি খতিয়ে দেখেন। এই পবিত্র উৎসব যাতে সকলে সুষ্ঠু, সুন্দর ও নিরাপদ পরিবেশে উদযাপন করতে পারেন সেই লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরের আধিকারিকগনকে নির্দেশ দেওয়া হয়েছে বলেও জানান পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ । এদিন পরিদর্শনকালে তার সাথে ছিলেন শিলিগুড়ি পৌর নিগমের কমিশনার, পৌর নিগমের প্রশাসক ও অন্যান্য আধিকারিকগন।

খড়গপুর আইআইটি ক্যাম্পাসে গ্রামোন্নয়ন ও প্রযুক্তির সমন্বয় বিষয়ের অধিবেশনের উদ্বোধন করেন রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,পশ্চিম মেদিনীপুর ,১৪ নভেম্বর : খড়গপুর আইআইটির উদ্যোগে গ্রামোন্নয়ন ও প্রযুক্তির সমন্বয় বিষয়ে দুদিনের অধিবেশন শুরু হলো শনিবার। খড়গপুর আইআইটি ক্যাম্পাসে আয়োজিত এই অধিবেশনের উদ্বোধন করেন রাজ্যের গ্রামোন্নয়ন, পঞ্চায়েত ও কৃষি বিপনন দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ। দুদিনের এই অধিবেশনে আইআইটি র অধ্যাপক, অধ্যাপিকাগিন, ছাত্র ছাত্রীরা ও বিভিন্ন বানিজ্যিক ও প্রযুক্তি সংস্থার প্রতিনিধিরা অংশ গ্রহন করেন। গ্রামের শেষ প্রান্তের মানুষের কাছে উন্নয়নের সুযোগ সুবিধা পৌঁছানোই গ্রামোন্নয়ন এর প্রকৃত লক্ষ্য এই উদ্দেশ্যকে সামনে রেখেই খড়গপুর আই আইটি দুদিনব্যাপী এই অধিবেশনের আয়োজন করেছে কৃষি, শিক্ষা,জল সরবরাহ, বর্জ্য ব্যবস্থাপনায় আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং গ্রাম শহরের ডিজিটাল ব্যবধান দূর করা এই অধিবেশনের মূল আলোচ্য বিষয়। মন্ত্রী দিলীপ ঘোষ জানান খড়গপুর আই আইটি কে সরকারের উন্নয়ন এর অংশীদার করে ছাত্র ছাত্রীদের গবেষনা ও উদ্ভাবনের সুযোগ প্রদানের পরিকল্পনার বিষয়টি ও অধিবেশনে তুলে ধরা হয়েছে।

শিশু দিবসের দিন আলিপুরদুয়ার জেলা পুলিশের উদ্যোগে কালচিনিতে উদ্বোধন হলো পুলিশ বন্ধু বিনামূল্যে কোচিং সেন্টার



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ, আলিপুরদুয়ার,১৪ নভেম্বর :আলিপুরদুয়ার জেলা পুলিশের উদ্যোগে শিশু দিবসের দিন কালচিনিতে উদ্বোধন হলো পুলিশ বন্ধু বিনামূল্যে কোচিং সেন্টার। এদিন এই সেন্টারের উদ্বোধন করেন আলিপুরদুয়ার এর সাংসদ মনোজ টিগ্গা, উপস্থিত ছিলেন কালচিনির বিধায়ক তথা রাজ্যের স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা, আলিপুরদুয়ার জেলা পুলিশ সুপার অমিত কুমার সাউ সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন। পুলিশ সুপার অমিত কুমার সাউ জানান জেলার যুবক যুবতীদের রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন চাকুরির প্রতিযোগিতা মূলক পরীক্ষার প্রস্তুতিতে সহায়তা করার লক্ষ্যে এই উদ্যোগ গ্রহন করেছে আলিপুরদুয়ার জেলা পুলিশ। বর্তমানে জেলার আলিপুরদুয়ার, বীরপাড়া, ফালাকাটা, কালচিনি ও জয়গাঁ থানা এলাকায় এই সেন্টার চলছে। যুব সমাজের স্বপ্ন পূরনের লক্ষ্যে আলিপুরদুয়ার জেলা পুলিশের একটি আন্তরিক উদ্যোগ এই কোচিং সেন্টার বলেও জানান পুলিশ সুপার।

বন ও পরিবেশ উন্নয়ন নিয়ে চালসায় বৈঠকে পর্যটন মন্ত্রী ও বন মন্ত্রী



মলয় দেবনাথ ,এই যুগ ,জলপাইগুড়ি,১৪ নভেম্বর : পশ্চিমবঙ্গের পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ ও বন মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ সহ অন্যান্য বিধায়কদের উপস্থিতিতে বন ও পরিবেশ উন্নয়ন নিয়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হল চালসায়।বৈঠকে বন ও পরিবেশ সংরক্ষণ এবং তার উন্নতির উপায় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। জঙ্গল বাঁচিয়ে কীভাবে পর্যটনের বিকাশ ঘটানো যায়, বন্যপ্রাণী ও মানুষের সংঘাত কীভাবে কমানো যায়, তা নিয়েও মতবিনিময় হয়। এছাড়াও বৈঠকে উপস্থিত সাধারণ মানুষের মতামত গ্রহণ করা হয়। স্থানীয় বাসিন্দারা বন সংলগ্ন এলাকার সমস্যার কথা তুলে ধরেন। পর্যটন মন্ত্রী জানান, পরিবেশ রক্ষায় সাধারণ মানুষকে সঙ্গে নিয়েই কাজ করতে চায় সরকার। আগামী দিনে বন ও পর্যটনকে যুক্ত করে নতুন পরিকল্পনা নেওয়া হবে বলেও জানান তিনি।

ধারসী নদীর ব্রীজের রেলিং ভেঙে ঝুলে রইল গোবর বোঝাই ট্রাক্টর



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ নভেম্বর : মুখ্যমন্ত্রীর সফরের প্রাক্কালে বড়সড় দুর্ঘটনা শামুকতলার শক্তিনগর এলাকায়। নিয়ন্ত্রণ হারিয়ে ধারসী নদীর উপর ব্রিজের রেলিং ভেঙে দিল গোবর বোঝাই একটি ট্রাক্টর। ট্রাক্টরের সামনের অংশ ঝুলে রইল নদীর উপর। অল্পের জন্য রক্ষা পেলেন চালক।জানা গিয়েছে, এদিন গোবর বোঝাই ট্রাক্টরটি শামুকতলার দিকে যাচ্ছিল। শক্তিনগর এলাকায় ধারসী নদীর ব্রিজের উপর উঠতেই আচমকা নিয়ন্ত্রণ হারায় চালক। এরপর সজোরে ধাক্কা মারে ব্রিজের রেলিংয়ে। ধাক্কার জেরে রেলিংয়ের একাংশ ভেঙে যায়। ট্রাক্টরের সামনের অংশ নদীর উপর ঝুলে থাকে। বিকট শব্দ শুনে ছুটে আসেন স্থানীয়রা। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে শামুকতলা থানার পুলিশ।এই ঘটনায় ফের প্রশ্নের মুখে বেআইনি ট্রাক্টর চালকদের দাপট। অভিযোগ, দিনের পর দিন পুলিশের চোখের সামনেই দাপিয়ে বেড়াচ্ছে বেআইনি ট্রাক্টরগুলি। বেপরোয়া গতিতে চলাচলের কারণে প্রায়ই ঘটছে দুর্ঘটনা।মুখ্যমন্ত্রীর সফরের আগে এই দুর্ঘটনায় নিরাপত্তা নিয়ে উদ্বেগ বেড়েছে। ব্রিজের ভেঙে যাওয়া রেলিং দ্রুত মেরামতের দাবি তুলেছেন স্থানীয়রা। দুর্ঘটনার দরুন বেশ কিছুক্ষণ যান চলাচল বন্ধ থাকে ওই সড়কে।

শামুকতলা শক্তিনগর প্রাইমারি স্কুলে চুরি ,ক্ষুব্ধ অভিভাবকরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ নভেম্বর : শামুকতলা শক্তিনগর প্রাইমারি স্কুলে চুরির ঘটনায় রীতিমতো ক্ষুব্ধ অভিভাবক মহল। মিড ডে মিলের বাসন, থালা, বাটি, গ্লাস থেকে শুরু করে টেবিল, ফ্যান, জল তোলার পাম্প— কিছুই বাদ যায়নি। স্কুলের পরিত্যক্ত ঘরের জানালা ভেঙে ভিতরে ঢুকে চুরি করে নিয়ে গিয়েছে দুষ্কৃতীরা।জানা গিয়েছে, সকালে স্কুলে এসে চুরির বিষয়টি নজরে আসে শিক্ষকদের। ভাঙা জানালা দেখে সন্দেহ হয়। ভিতরে ঢুকে দেখেন, মিড ডে মিলের রান্নার সরঞ্জাম, বাসনপত্র, টেবিল, ফ্যান, জল তোলার পাম্প— সব উধাও।ঘটনার পর শামুকতলা থানার পুলিশের কাছে অভিযোগ জানানো হয়েছে। অভিযোগ পেয়ে তদন্ত শুরু করেছে শামুকতলা থানার পুলিশ।এই চুরির ঘটনায় ক্ষোভে ফুঁসছেন অভিভাবকরা। তাঁদের অভিযোগ, স্কুলে সীমানা প্রাচীর থাকা সত্ত্বেও নিরাপত্তার কোনও বালাই নেই। সন্ধ্যার পর স্কুল প্রাঙ্গণে বসে মদের আসর। স্কুলের মধ্যেই পড়ে থাকে মদের বোতল। বারবার জানিয়েও কোনও সুরাহা হয়নি। অভিভাবকদের প্রশ্ন, শিশুদের স্কুলে যদি এমন চুরি হয়, তাহলে পড়ুয়াদের নিরাপত্তা কোথায়? মিড ডে মিলের বাসন চুরি যাওয়ায় কীভাবে খাবার খাবে শিশুরা, তা নিয়েও উঠছে প্রশ্ন।দ্রুত চোরদের গ্রেপ্তার ও চুরি যাওয়া সামগ্রী উদ্ধারের দাবি জানিয়েছেন অভিভাবক ও স্থানীয়রা। পাশাপাশি স্কুলে রাতের নিরাপত্তা বাড়ানোর দাবিও উঠেছে।

ছটপুজোয় নিরাপত্তায় বিশেষ নজর, জেলাজুড়ে মক ড্রিল বিভিন্ন ছট ঘাটে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ নভেম্বর : আগামীকাল থেকে শুরু হচ্ছে ছট পুজো।এবারের ছটপুজোয় বিশেষ নিরাপত্তার ব্যবস্থা করছে রাজ্য সরকার। ছটঘাটগুলির নিরাপত্তা নিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নিজে যথেষ্ট চিন্তিত বলে জানালেন রাজ্যের স্বরাষ্ট্র দফতরের প্রতিমন্ত্রী বিশাল লামা।তিনি বলেন এবার আগাম সতর্কতা নেওয়া হচ্ছে। ছটপুজোর আগে ভুটানের একটি কৃত্রিম হ্রদে ফাটল ধরে জল নেমে আসার ঘটনায় আলিপুরদুয়ার জেলা বিপজ্জনক পরিস্থিতির মুখে পড়েছিল। যদিও বড় কোনও দুর্ঘটনা ঘটেনি, তবুও সতর্কতা অত্যন্ত জরুরি। মুখ্যমন্ত্রীর নির্দেশে প্রতিটি ছটঘাটের পরিস্থিতি খতিয়ে দেখা হচ্ছে।বিশাল লামা জানান, ঘাটে মোতায়েন স্বেচ্ছাসেবকদের বিশেষভাবে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। কোনও বিপদ ঘটলে কীভাবে দ্রুত মানুষকে উদ্ধার করতে হবে, সেই বিষয়ে তাঁদের বোঝানো হচ্ছে। নিরাপত্তার দায়িত্বে সিসিটিভি, সিভিল ডিফেন্স, এনডিআরএফ এবং দমকল বিভাগকে কাজে লাগানো হয়েছে। প্রতিটি ছটঘাটেই এই সমন্বিত নিরাপত্তা ব্যবস্থা থাকবে।বাসরা ও ডিমা ছটঘাটে প্রস্তুতি চলাকালীন হাতির উপস্থিতির ঘটনা নিয়েও উদ্বেগ প্রকাশ করা হয়। এ প্রসঙ্গে প্রতিমন্ত্রী জানান, জঙ্গল সংলগ্ন প্রতিটি ঘাটে বনদফতরের কর্মীরা ক্যাম্প করে থাকবেন। পাশাপাশি পুলিশও মোতায়েন থাকবে।প্রতিটি ছট ঘাটে বনদফতর টিম, জেলা প্রশাসন পুলিশ প্রশাসন, সিভিল ডিফেন্স, এন ডি আর এফ টিম থাকবে।এদিন একাধিক ছট ঘাট পরিদর্শন করেন সরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা, আলিপুরদুয়ার সাংসদ মনোজ টিগ্গা ও জেলা পুলিশ সুপার অমিত কুমার সাউ সহ প্রশাসন আধিকারিক ও বনদফতরের আধিকারিকরা। যেসমস্ত ছট ঘাট হরপা বানের আশঙ্কা আছে যেমন তোর্ষা ছট ঘাট সেখানে হরপা বান এলে কি করতে হবে সেই বিষয়ে মক ড্রিল করা হয় এছাড়া জঙ্গল সংলগ্ন ছট ঘাট গুলোত বন্যপ্রাণী এলে কি করতে হবে সেই নিয়ে মক ড্রিল করে বনদফতর। এদিন পরিদর্শনের পর সাংসদ মনোজ টিগ্গা জানান, এই প্রথম সমস্ত দফতরকে একসঙ্গে যুক্ত করে নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। হাতির আক্রমণের সম্ভাবনা রয়েছে, এমন জায়গাগুলিতে বনদফতরকে বিশেষভাবে যুক্ত করা হয়েছে। এদিন বিভিন্ন ছটঘাটে মক ড্রিলেরও আয়োজন করা হয়।

শিশু দিবস উপলক্ষ্যে মালদহ জেলা পুলিশের উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠান গুলিতে আয়োজিত হয় বিশেষ অনুষ্ঠান



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,১৪ নভেম্বর : শনিবার শিশু দিবস উপলক্ষ্যে মালদহ জেলা পুলিশের উদ্যোগে জেলার সমস্ত থানা এলাকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান গুলিতে আয়োজিত হয় বিশেষ অনুষ্ঠান। বসে আঁকো প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান এর পাশাপাশি পুলিশ কর্মীরা স্বাভাবিক পড়ুয়া ও বিশেষ ভাবে সুবিধা বঞ্চিত স্কুলপড়ুয়া শিশুদের সাথে আনন্দ, উৎসাহ ও ভালোবাসার মুহূর্তগুলিকে ভাগ করে নেন। শিশুদের মুখে হাসি ফোটানো,তাদের সাথে আনন্দ ভাগ করে নেওয়া এবং তাদের সুন্দর ভবিষ্যতের স্বপ্ন দেখানোই ছিলো এই উদ্যোগের মূল উদ্দেশ্য। জেলা পুলিশ সূত্রে জানানো হয় প্রতিটি শিশুই ভালোবাসা,যত্ন, আনন্দ ও সুন্দর ভবিষ্যত লাভের অধিকারী, এই লক্ষ্যকে সামনে রেখেই শিশু দিবস উপলক্ষ্যে বিশেষ কর্মসূচি আয়োজিত হয়।

কোচবিহার জেলা পুলিশের উদ্যোগে অনুষ্ঠিত হলো কৃতী ও মেধাবী ছাত্র ছাত্রীদের বৃত্তি প্রদান ও সংবর্ধনা অনুষ্ঠান



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,১৪ নভেম্বর : কোচবিহার জেলা পুলিশের উদ্যোগে শনিবার জেলা পুলিশ লাইনের কনফারেন্স হলে আয়োজিত হয় তরুন কৃতীদের মেধার স্বীকৃতি ও অনুপ্রেরণা প্রদান অনুষ্ঠান। এদিনের অনুষ্ঠানে ২০২৫ - ২০২৬ শিক্ষাবর্ষে অসাধারন শিক্ষাগত সাফল্যের স্বীকৃতি স্বরূপ জেলার আটত্রিশ জন মেধাবী পড়ুয়াকে সংবর্ধিত করা হয়। তাদের হাতে তুলে দেওয়া হয় বৃত্তির চেক ও স্মারক উপহার। উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার মনীষ জোশী, অতিরিক্ত পুলিশ সুপার, ডিএস পি ডি আই বি (সদর) সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন। শিক্ষার্থীদের এই সংবর্ধনা পরবর্তী শিক্ষার্থীদের অনুপ্রানিত করবে বলে জানান পুলিশ সুপার।

এই যুগ কাগজের নৌকা

15 NOVEMBER 2026 ,রবিবার

শান্তির পরশ

বাপী নাগ

চোখে"র সামনে তুমিই এলে
যুদ্ধ থেমে যায়।
এই মন-মস্তিষ্কের দ্বন্দ্বগুলো
নীরব হয়ে যায়।
তোমার ওই এক চাহনিতে'ই
মুছে যায় ক্ষত।
আজ দুঃখ-ভরা এই শহরেও
জাগে শান্তি রথ।
কিছু দুশ্চিন্তা ও কিছু ব্যথাই
সবই দূরে সরে,
কল্পনা তুমি যখন পাশে বসো
স্বস্তি নামে ঘরে।
কী-ই চাই আমি এই জীবনে
চাওয়ার কি আছে!
তোমারই একটু সঙ্গ পেলেই
শান্তি মেলে কাছে।
ধন ও সম্পদ কিছু"ই চাই না
চাই না মিথ্যে মায়া।
তুমি তো পাশে থাকলে শুধুই
হয় পূর্ণ সব চাওয়া।।

কবিতায় সুখ কবিতায় দুখ

মোঃ জাবেদুল ইসলাম
(লালমনিরহাট ,বাংলাদেশ)

কবিতায় সুখ কবিতায় দুখ,
কবিতায় আসে মান।
কবিতার মাঝে জয় পরাজয়,
কেটে যায় অভিমান।
কবিতায় আসে সত্য ন্যায়,
কবিতায় ইতিহাস।
কবিতায় সব যায় কেটে,
অনাচার অবিচার।
কবিতায় আসে শক্তি সাহস,
কবিতায় মনোবল।
কবিতায় সব ক্ষুরধার কলম,
মিথ্যা হয় সব দুর্বল।
কবিতার মাঝে স্বপ্ন জাগে
কবিতায় জাগে আশা।
কবিতায় জাগে প্রেমিক
প্রেমিকার,
স্বপ্নের ভালোবাসা।।

কাকে আর কী বলবো!

মোঃ রহমত আলী
(খুলনা ,বাংলাদেশ)

কাকে আর কী বলবো!
মহা-স্বর্গে থেকেও যখন একটা
লোভ সামলাতে পারিনি।
তাই এসেছি এ দুনিয়ার গোলকধাঁধায়;
একটা ঘোড়ার ডিম তালাশ করতে।
এখন এসেই পড়েছি যখন হিরামন
উড়ু উড়ু নাজুক প্রাণপাখি নিয়ে,
তবু নিভু-নিভু প্রদীপেই খুঁজে ফিরি
যেতে যেতে পৃথিবীজুড়ে সোনার হরিণ।
কাকে আর কী বলবো!
কথা সত্য, গাধার তো আর শিং হয় না।
তবে আমি কিন্তু ঠিকই দেখেছি গাধার শিং
ন্যায়পরায়ণ কর্তব্যবান দায়িত্বশীলের মাথায়।
পিঁপড়াও সাঁতার জানে, আমিও জানি,
পিঁপড়া সাঁতরে নদী পার হয়ে যায়;
আর আমি ডুবে যাই সাঁতার জেনেও।।



অঘ্রাণ এলে

আতিকুর রহমান
(কুমিল্লা ,বাংলাদেশ)

অঘ্রাণ মাসে ভোর বেলাতে
গায়ে লাগে শীত
দোয়েল পাখি গাছের ডালে
শোনায় দারুণ গীত।
নতুন ধানের পিঠে-পায়েস
রাঁধছে মায়ে ঘরে
সুবাস ছড়ায় সারা বাড়ি
জিভে জল যে ঝরে।
খেজুর গাছে হাঁড়ির ভেতর
রসের ফোঁটা পড়ে
গাছি দাদু সকাল হলেই
রস নামাতে চড়ে।
উঠোনজুড়ে রোদ পোহাতে
খোকা-খুকীর দল
গায়ে জড়ায় নকশি কাঁথা
মনে সুখের ঢল।।



বিষাক্ত ভীমরুল

ফারুক আহম্মেদ জীবন

এই-না ধরা বিষে ভরা
আছে পোকামাকড়,
জীবন চলে যাবে একবার
দিলে তারা কামড়।
মৌমাছিদের বিষে দেহ
করে ভীষণ জ্বালা,
জ্বালা করে হুল ফোটালে
বিষে ভরা চেলা।
কাঠ পিঁপড়ের কামড়েতে
ভীষণ জ্বালা করে,
বিছে বোলতা হুল ফোটালে
যন্ত্রণায় সে মরে।
কামড় যদি মারে কারোর
বিষধর অজগরে,
নির্ঘাত যে তার মরণ হবে
যেতে হবে গোরে।
শুঁয়োপোকা গুবরে পোকা
তাদের হুলের কাছে,
মানুষদেরকে কষ্ট দেওয়ার
যথেষ্ট বিষ আছে।
ভীমরুলের বিষ কি যন্ত্রণার
জীবন ওষ্ঠাগত,
ফোলার সাথে জ্বর এসে যায়
বাঁধে সেথায় ক্ষত।।

[লেখা পাঠানোর ঠিকানা-eiyugkagojernouka@gmail.com]

মাদারিহাটে প্রচুর পরিমাণ সুপারি উদ্ধার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ নভেম্বর : গোপন সূত্রে খবর পেয়ে মাদারিহাট থানার পুলিশের অভিযানে উদ্ধার হলো বিপুল পরিমাণ শুকনো সুপারি। শনিবার বিকেলে মাদারিহাট থানার অন্তর্গত শিশুবাড়ি এলাকায় জীবন বসাক নামে এক ব্যক্তির ভাড়া নেওয়া গুদামে অভিযান চালায় পুলিশ।পুলিশ সূত্রে জানা গিয়েছে, অভিযানে গুদাম থেকে মোট ৪২টি প্লাস্টিকের প্যাকেটে মজুত শুকনো সুপারি উদ্ধার করা হয়। প্রতিটি প্যাকেটের ওজন আনুমানিক ৬০ কেজি। সব মিলিয়ে উদ্ধার হওয়া সুপারির মোট ওজন প্রায় ২ হাজার ৫২০ কেজি বা ২.৫২ মেট্রিক টন । তবে অভিযানের সময় উদ্ধার হওয়া সুপারির প্রকৃত মালিক বা সংশ্লিষ্ট ব্যক্তিদের কাউকেই ঘটনাস্থলে পাওয়া যায়নি। তাঁরা গুদাম থেকে পালিয়ে গিয়েছেন বলে জানা গিয়েছে। এরপর পুলিশ সমস্ত সুপারি বাজেয়াপ্ত করে মাদারিহাট থানায় নিয়ে আসে। এই ঘটনায় নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শুরু করার উদ্যোগ নেওয়া হয়েছে। উদ্ধার হওয়া বিপুল পরিমাণ সুপারি কোথা থেকে আনা হয়েছিল এবং এর সঙ্গে কারা জড়িত , তা খতিয়ে দেখছে পুলিশ।

মুখ্যমন্ত্রীকে অভিযোগ জানাতে রায়ডাকে যাচ্ছেন কোহিনুরের মহিলা শ্রমিকরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ নভেম্বর : গতকাল ১৩ নভেম্বর আলিপুরদুয়ার প্রশাসনিক ভবন ডুয়ার্সকন্যায় হয়নি কোহিনুর চা বাগানের ত্রিপাক্ষিক বৈঠক। মালিকপক্ষ না আসায় বৈঠক ভেস্তে গিয়েছে। আর এরপরেই ক্ষোভে ফুঁসছেন কোহিনুর চা বাগানের শ্রমিকরা। বিশেষ করে মহিলা শ্রমিকরা এবার সরাসরি মুখ্যমন্ত্রীর দ্বারস্থ হওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।আগামী ১৮ই নভেম্বর শামুকতলা থানার রায়ডাক এলাকায় আদিবাসী সমাজের অনুষ্ঠানে যোগ দিতে আসছেন রাজ্যের মুখ্যমন্ত্রী। সেই অনুষ্ঠানেই একজোট হয়ে গিয়ে মুখ্যমন্ত্রীকে অভিযোগ জানাবেন কোহিনুর চা বাগানের মহিলা শ্রমিকরা। বাগান খোলার জন্য অনুরোধ করবেন তাঁরা। সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের মুখোমুখি হয়ে এমনটাই জানালেন মহিলা শ্রমিকরা। তাঁদের বক্তব্য, তাঁরা বিজেপি করেন, কিন্তু বিজেপি নেতৃত্বের প্রতি আর ভরসা নেই। গত দুদিন আগে সাংসদ, বিধায়ক এসে প্রতিশ্রুতি দিয়ে গিয়েছিলেন, ত্রিপাক্ষিক বৈঠকেই বাগান খোলার সিদ্ধান্ত হবে। কিন্তু বৈঠকই হলো না। ফলে প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিই থেকে গেল। পুজোর পর থেকে বন্ধ বাগান। ৮৮৮ জন শ্রমিক পরিবার চরম বিপাকে। রোজগার বন্ধ, সংসার চালানো দায়। এখন বড় প্রশ্ন, তাঁরা কি শুধু অভিযোগ জানাবেন, নাকি অভিযোগ জানাতে গিয়ে বিক্ষোভ দেখাবেন? তা নিয়েই চিন্তায় প্রশাসনিক মহল। মুখ্যমন্ত্রীর সফরের আগে মহিলা শ্রমিকদের এই হুঁশিয়ারি যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলেই মনে করছে রাজনৈতিক মহল।

